বাংলা সিটি পিএলসি.
BANGLA CiTY PLC.
প্রশান্তিময় আবাসনের প্রত্যয়ে
Reg. No.: 194954/2024

স্মারক নং- বিসিপি/প্রশাসন-১৭/বিবিধ (অডিট ফার্ম নিয়োগ)/২০২৫/৬৯

তারিখ: ২০/০৯/২০২৫ খ্রিষ্টাব্দ
৫ই আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ

# অডিট ফার্ম নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলা সিটি পিএলসি ২০২৩-২০২৪ এবং ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য বহিঃ নিরীক্ষক (চার্টার্ড এ্যাকাউন্ট্যান্ট ফার্ম) নিয়োগের লক্ষ্যে আইসিএবি (ICAB) এর তালিকাভুক্ত অংশীদারী চার্টার্ড এ্যাকাউন্ট্যান্ট ফার্ম এর নিকট হতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। বহিঃ নিরীক্ষক নিয়োগ সংক্রান্ত শর্তাবলী সম্বলিত দরপত্র বাংলা সিটি পিএলসি'র ওয়েব সাইট www.banglacityplc.com হতে ডাউনলোডপূর্বক সংগ্রহ করা যাবে অথবা প্রয়োজনবোধে প্রশাসন বিভাগ (৭ম তলা), গাউছে-পাক ভবন, লিফট-৬, ২৮জি/১, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ হতে সরাসরি সংগ্রহ করা যাবে।

**যোগ্যতা ও শর্তাবলীঃ**

১। দরপত্রকারী ফার্ম অবশ্যই বাংলাদেশ চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস ইনস্টিটিউট (ICAB) কর্তৃক নিবন্ধিত হতে হবে।
২। ন্যূনতম ১০ টি হিসাব পরীক্ষণ কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
৩। সরকারি/বেসরকারি/কর্পোরেট প্রতিষ্ঠানে অডিট সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।
৪। দরপত্রের সাথে ফার্মের প্রোফাইল, বৈধ ট্রেড লাইসেন্স, নিবন্ধন সনদ, টিআইএন ও ভ্যাট সনদ, এবং পূর্ববর্তী অভিজ্ঞতার প্রমাণপত্র সংযুক্ত করতে হবে।
৫। কার্যাদেশ পাওয়ার ৭ (সাত) কর্ম দিবস (৭ অক্টোবর ২০২৫) মধ্যে নিয়োগকৃত বহিঃ নিরীক্ষা ফার্ম কর্তৃক নিরীক্ষা কার্য সম্পন্ন করে হিসাব বিবরণীসহ ৫(পাঁচ) কপি খসড়া নিরীক্ষা হিসাব ও প্রতিবেদন বাংলা সিটি পিএলসি চেয়ারম্যান বরাবরে পেশ করতে হবে।
৭। চূড়ান্ত প্রতিবেদন যথাযথ বিবেচিত হওয়ার পর সরকারী বিধিবিধান অনুযায়ী ট্যাক্স/ভ্যাট ইত্যাদি কর্তনপূর্বক চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
৮। সর্বনিম্ন দরদাতা ও অন্যান্য অভিজ্ঞতা বিবেচনায় অডিট ফার্ম চূড়ান্ত ভাবে নির্বাচিত হবে।

**দরপত্র জমাদান ও খোলার সময়সূচিঃ**

**১/** আগামি ২৫/০৯/২০২৫ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় (বিকালঃ ৫:০০ ঘটিকা) এর মধ্যে প্রশাসন বিভাগ (৭ম তলা), গাউছে-পাক ভবন, লিফট-৬, ২৮জি/১, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বাংলা সিটি পি এল সি অফিস কক্ষে রক্ষিত বাক্সে অথবা নিম্নোক্ত ইমেইলে দরপত্র জমা দিতে হবে এবং একই তারিখ বিকালঃ ৫:৩০ ঘটিকার সময় দরপত্র প্রদানকারী ফার্মের প্রতিনিধির সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) প্রশাসন দপ্তরে দরপত্র খোলা হবে।

**২/ ইমেইলঃ** banglacityplc24@gmail.com এর মাধ্যমে দরপত্র জমা দিতে পারবেন (ইমেইলে অবশ্যই **Zip/RAR/7Zip** ফরমেটে পাঠাতে হবে)।

**বিশেষ নির্দেশনাঃ**

১। বিলম্বে প্রাপ্ত বা অসম্পূর্ণ দরপত্র গ্রহণযোগ্য হবে না।
২। কর্তৃপক্ষ যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

20-09-2025

মোঃ নুরুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাসিটি পিএলসি